

## হবিগঞ্জের ৪৬ প্রাথমিক বিদ্যালয় জুনিয়রে উন্নীত

হবিগঞ্জ প্রতিনিধি

হবিগঞ্জ জেলার ৪৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয় জুনিয়র স্তরে রূপান্তরিত হচ্ছে। প্রাথমিকভাবে আগামী শিক্ষা বর্ষে ষষ্ঠ শ্রেণী খোলা হচ্ছে। পরবর্তী বছরে সপ্তম এবং এর পরের বছরে অষ্টম শ্রেণী চালু হবে। এর ফলে জেলার হাই স্কুলগুলোতে শিক্ষার্থীদের যে চাপ তা অনেকটাই লাঘব হবে বলে আশা করছেন শিক্ষা বিভাগের সচিব জড়িতরা।

জেলা শিক্ষা অফিস বৃন্দ জানায়, জেলায় মোট ৭০২টি সরকারি ও ২৮১টি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে মাঠ পর্যায়ে ৪৬টি প্রাথমিক বিদ্যালয় বাছাই করে ষষ্ঠ শ্রেণী খোলা হচ্ছে।

যার মধ্যে হবিগঞ্জ সদর উপজেলায় ৬টি, নবীগঞ্জ উপজেলায় ৯টি, বানিয়াচং উপজেলায় ৭টি, চুনারুঘাট উপজেলায় ৬টি, মাধবপুর উপজেলায় ৬টি, আজমিরীগঞ্জ উপজেলায় ৪টি, বাহুবর উপজেলায় ৪টি, বাহুবল উপজেলায় ৫টি ও লাখাই উপজেলায় ৩টি প্রাথমিক বিদ্যালয়কে নির্বাচিত করা হয়েছে।

জেলা শিক্ষা অফিসার সামুহিক আলম জানান, জাতীয় শিক্ষানীতি ২০১০ বাস্তবায়নের লক্ষ্যে আগামী শিক্ষাবর্ষ থেকে প্রাথমিক পর্যায়ে জেলার ৪৬টি স্কুলের ১টি করে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণী খোলা হচ্ছে। প্রত্যেক উপজেলা থেকে তালিকা গ্রহণ করা হয়েছে। আগামী ৩ অক্টোবর বিভাগীয় মিটিংয়ে এ তালিকা উপস্থাপন করা হবে।

তিনি বলেন, বিদ্যালয় নির্বাচনের ক্ষেত্রে হাই স্কুলের প্রয়োজনীয়তা এবং আশপাশে হাই স্কুল রয়েছে কিনা তা যাচাই করা হয়েছে। এছাড়াও পর্যাপ্ত শ্রেণীকক্ষ, শিক্ষার্থী, শিক্ষক এবং প্রয়োজনীয় উপকরণকে প্রাধান্য দেয়া হয়েছে। স্থানীয় সংসদ সদস্যরাও প্রয়োজনীয় পরামর্শ দিয়েছেন।